

# খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন দপ্তর

## উদ্যানপালন অধিকার

পশ্চিমবঙ্গ সরকার

### রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনা (আর.কে.ভি.ওয়াই)

কৃষি ও সহযোগী ক্ষেত্রগুলির সার্বিক উন্নতির মাধ্যমে কৃষিক্ষেত্রে ৪% বার্ষিক বৃদ্ধির লক্ষ্যে একাদশ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনা শুরু হয়েছে।

স্থানীয় চাহিদা অনুসারে সঠিক পরিকল্পনার মাধ্যমে ৪% বার্ষিক বৃদ্ধির লক্ষ্যে পৌঁছানোর জন্য রাজ্যগুলিকে পরিকল্পনা তৈরিতে যথেষ্ট স্বাধীনতা দেওয়া হয়েছে।

**প্রকল্পগুলির রূপরেখা :-** উদ্যানপালনের সার্বিক উন্নয়নের লক্ষ্যে নিম্নলিখিত প্রকল্পগুলি জেলাস্তরের পরিকল্পনায় অন্তর্ভুক্ত হয়।

- উন্নত প্রযুক্তির প্রয়োগে সুসংহত পদ্ধতিতে সবজি উৎপাদন।
- বীজ ব্যবহার - উন্নত মানের বীজ ও চারা তৈরী।
- নার্সারী গুলির পরিকাঠামো উন্নয়ন।
- একবর্ষজীবী ও বহুবর্ষজীবী ফলের উৎপাদন বৃদ্ধি।
- প্রযুক্তি সম্প্রসারণ কেন্দ্র স্থাপন / খামারের পরিকাঠামোগত উন্নয়ন।
- উদ্যানজাত পণ্যের ফলনোত্তর পরিচর্যা ও গ্রামীণ বাজারের পরিকাঠামোগত উন্নয়ন।
- মশলা / পান চাষ ও তার উন্নয়ন।
- চিরাচরিত এবং উচ্চমূল্যের ফুল ও ভেষজ উদ্ভিদের চাষের জনপ্রিয়তা বৃদ্ধি।
- উদ্যান পালনে যন্ত্রের ব্যবহার।

### আবেদন করার পদ্ধতি :-

যে কোন সরকারী ও আধাসরকারী সংস্থা, সরকার অধিগৃহীত সংস্থা, রেজিস্টার্ড সোসাইটি, উৎপাদনকারীদের সমিতি, সমবায় সংস্থা ইত্যাদি সংশ্লিষ্ট জেলা উদ্যানপালন আধিকারিকের কাছে আবেদন করতে পারে। আবেদন পত্রের সাথে পূর্ণাঙ্গ প্রকল্প, জমির কাগজপত্র এবং জেলা প্রশাসনের চাহিদা অনুযায়ী অন্যান্য নথিপত্র জমা দিতে হবে। জেলা কৃষি পরিকল্পনাতে (ডি. এ. পি.) অন্তর্ভুক্তির জন্য প্রকল্পগুলি জেলা উদ্যান আধিকারিক জেলার 'আর. কে. ভি. ওয়াই কমিটির কাছে পেশ করিবেন। সবশেষে জেলা কমিটি কর্তৃক অনুমোদিত প্রকল্পগুলি রাজ্য স্তরে 'স্টেট লেভেল স্যাংশনিং কমিটি (এস. এল. এস. সি)' র কাছে অনুমোদনের জন্য পেশ করা হয়।

### বিশদ বিবরণের জন্য যোগাযোগ করুন :-

উদ্যান পালন অধিকার, ময়ূখ ভবন (পঞ্চম তল) বিধাননগর, কলকাতা - ৭০০ ০৯১

টেলিঃ (০৩৩) ২৩৫৯ ৩৮৮৪

সংশ্লিষ্ট জেলার জেলা উদ্যান পালন আধিকারিক।

